

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/১১৬৪


তারিখঃ ০৪/০৪/২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং ইনফরমেশন সিস্টেমস সিকিউরিটিজ অ্যাসোসিয়েশন (ISSA) এর যৌথ উদ্যোগে সাইবার নিরাপত্তা (Cyber Security) সংক্রান্ত বিষয়ে কমিশনের অডিটোরিয়ামে অদ্য দুপুর ৩ ঘটিকায় একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়। কমিশনের মাননীয় চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানটিকে সাফল্য কামনা করেন।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় চেয়ারম্যান সভায় উপস্থিত বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাগণকে উদ্দেশ্য করে বলেন যে, আর্থিক খাতের বিভিন্ন প্রতিষ্ঠান সমূহের ব্যবসা পরিচালনা, বিনিয়োগকারীদের সঞ্চিত অর্থ এবং প্রতিষ্ঠানসমূহের আভ্যন্তরিন পলিসি সংক্রান্ত তথ্যাদি কোন ভাবেই যাতে বাইরে পাচার হতে না পারে বা তথ্য চুরির মাধ্যমে অবৈধভাবে অর্থ আত্মসাতের ঘটনা ঘটতে না পারে, সে লক্ষ্যে সকলকে সাইবার নিরাপত্তা সংক্রান্ত সচেতনতা বৃদ্ধি জোরদার এবং তথ্য নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

সাইবার নিরাপত্তা সংক্রান্ত টেকনিক্যাল বিষয়গুলি উপস্থাপন করেন ISSA এর বাংলাদেশ চ্যাপ্টারের প্রেসিডেন্ট এবং আন্তর্জাতিক বিশেষজ্ঞ জনাব মারুফ আহমেদ। তিনি বলেন যে, আর্থিক খাতের সকল প্রতিষ্ঠানসমূহকে তথ্য পাচার রোধে সাইবার নিরাপত্তা সংক্রান্ত জ্ঞানকে সর্বোচ্চ প্রাধান্য প্রদানের মাধ্যমে তথ্য নিরাপত্তা নিশ্চিত করতে হবে। সভায় সাইবার নিরাপত্তার বিভিন্ন দিক এবং আমেরিকা সহ বিশ্বের উন্নত দেশসমূহে সাইবার নিরাপত্তা ব্যবস্থাপনা সংক্রান্ত পদ্ধতিসমূহ এবং তথ্য প্রতিরক্ষা মূলক ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়াদি নিয়ে ব্যাপক আলোচনা হয়। আলোচনায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ সক্রিয়ভাবে অংশগ্রহণের মাধ্যমে অনুষ্ঠানটিকে অর্থবহ করে তোলেন এবং সকলেই নিজ নিজ প্রতিষ্ঠানে সাইবার নিরাপত্তা বৃদ্ধির বিষয়ে তাদের আন্তরিকতার বিষয়টি ব্যক্ত করেন।


০৪/০৪/২০১৭

মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক ও মুখপাত্র।